উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

বিষয় : উপজেলা পরিষদের জুন/২০২৬ (বিবেচ্য মে/২০২৬) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : তানজিলা আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময়: ২২/০৬/২০২৬ খ্রি., বেলা- ১২.০০ ঘটিকা।

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত মে/২০২৬ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | উত্থাপিত সমস্যাগুলোর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করাসহ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রেরিত কার্যপত্র অনুযায়ী মে/২০২৬ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৯৭ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৯১৩ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭.১৪%। মে/২০২৬ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ৩জন, আইইউডি ০০ জন, ইমপ্লান্ট ০০ জন, খাবার বড়ি সেবনকারী ৪১জন, কনডম গ্রহণকারী ৫জন, ইনজেকশন গ্রহণকারী ১৭জন, মোট গর্ভবতীর সংখ্যা ৯৩জন, গর্ভকালীন সেবা গ্রহণকারী ৩৩১জন, প্রসব সেবা ১০২জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ১২৭জন, শিশু সেবাগ্রহণকারী ২২৫৬জন, ইসিপি ০০ জন, কিশোর/কিশোরী সেবা ৪৫৬৯জন, পুষ্টি সেবা ২৫৪০জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৯৭৮জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ২০২০জন, মিসোপ্রোষ্টল ৬জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে ০৪ হে. জমিতে আউশ ধানের বীজতলা করা হয়েছে এবং ৭৫% হে. জমিতে আউশ ধান রোপন করা হয়েছে। এছাড়া, ৪৪০ হে. জমিতে পাট, ২৯০ হে. জমিতে সবজি , ১০ হে. জমিতে হলুদ ও ২৫ হে. জমিতে মরিচ আবাদ করা হয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপস্থিত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ১। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৬৯.২৬-৮১৮, তারিখ-১০/০৫/২০২৬ ইং মূলে ৪০ লক্ষ টাকার বরাদ্দের অনুকূলে নিম্নোক্ত স্কীম সমূহের কাজ চলামান- i) উপজেলা পরিষদের ডরমিটরি সংস্কার। চুক্তিমূল্য-১২,১০,০০০.০০ টাকা। ii) উপজেলা পরিষদের অভ্যন্তরে বাউন্ডারী ওয়াল সংস্কার। চুক্তিমূল্য- | আলোচনার ১(ii) ও (iii) নং ক্রমিক, ২নং ক্রমিক, ৩নং ক্রমিক, ৪(i) নং ক্রমিক ও ৫ (i) ও (ii) ক্রমিকে বর্ণিত মতে গৃহীত স্কীমসমূহের | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | ১১,৫৮,০৪৩.২৭৭ টাকা। iii) উপজেলা পরিষদের গ্যারেজ সংস্কার। চুক্তিমূল্য-৯,৮৫,৮০৫.০৪ টাকা। iv) উপজেলা পরিষদের 'বি-১' কোয়ার্টার মেরামতকরণ। চুক্তিমূল্য-৩,৫৯,৭৭৫.০০৫ টাকা। v) উপজেলা পরিষদের 'বি-২' কোয়ার্টার মেরামতকরণ। চুক্তিমূল্য-২,৯০,৩৮৮.৩৪৫ টাকা।<br>২। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৭৬.২৬-৯২৩, তারিখ-১৮/০৫/২০২৬ ইং মূলে ২০ লক্ষ টাকার বরাদ্দের অনুকূলে " দিগদাইড় ইউনিয়ন কাউরা খেয়াঘাট হতে কাউরা উত্তর পাড়া চান মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা" চুক্তিমূল্য-১৯,০০,০০০.০০ টাকা। কমিটি গত ১০/ ০৬/ ২০২৬ ইং তারিখে চুক্তি সম্পাদিত হয়।<br>৩। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৬৯.২৬-৮৪০, তারিখ-১০/০৫/২০২৬ ইং মূলে উপজেলা পরিষরে পরিদর্শন কক্ষ স্থাপন/মেরামত বাবদ ৬.০০ (ছয়) লক্ষ টাকার বরাদ্দের অনুকূলে পরিদর্শন কক্ষের কাজ চলমান রয়েছে।<br>৪। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৭৭৩২৬-৯৭২, তারিখ-০১/০৬/২০২৬ ইং মূলে ২০২৫-২০২৬ অর্থ বছরের "বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ৪র্থ কিস্তির অতিরিক্ত বরাদ্দের অনুকূলে নিম্নোক্ত স্কীম সমূহের কাজ চলামান-<br>i) হাজী গোলাম হোসেন বালিকা বিদ্যালয়ের সম্মুখে আরসিসি ড্রেন নির্মাণ। চুক্তিমূল্য-১৪,৯৫,৩৭৯.৯০২ টাকা। ii) নগরকুল প্রাঃ বিঃ হতে জাকারিয়া রাজ জায়গা পর্যন্ত রাস্তা ও থানা গেইট হতে তাড়াইল থানা ভবন রাস্তা। চুক্তিমূল্য-১৪,৪৮,৮৪৯.৫৬৪ টাকা।<br><br>৫। ২০২৫-২০২৬ অর্থবছরের সাধারণ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় নিম্নোক্ত স্কীম সমূহের কাজ চলামান-<br>i) প্যাকেজ নং- e-Tender/ADP/2025-26/W-001, চুক্তিমূল্য-৪১,১৭,৪০৬.৮৮ টাকা। কাজ চলমান। ii) প্যাকেজ নং- e-Tender/ADP/2025-26/W-002, চুক্তিমূল্য-১৬,৪১,৬০০.০০ টাকা। কাজ চলমান। iii) প্যাকেজ নং- e-Tender/ADP/2025-26/W-003, চুক্তিমূল্য-১৮,৮৯,০৭৫.০০ টাকা। কাজ সমাপ্ত। iv) প্যাকেজ নং- e-Tender/ADP/2025-26/W-004, চুক্তিমূল্য-৩,৮০,০০০.০০ টাকা। কাজ সমাপ্ত।<br>৬। পিপিআর-২০২৫ এর বিধি ১৯ ও পিপিআর-২০০৮ এর বিধি ৮ (১৫) মোতাবেক দরপত্র মূল্যায়ণ কমিটির সম্মানী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানে অনুমোদনের জন্য পরিষদের সভায় উপস্থাপন করা হলো। উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান, TEC কমিটি, টেন্ডার সংখ্যা-১৫টি, সম্মানী-৭৫,০০০/-, উপজেলা প্রকৌশলী- সদস্য-সচিব, TEC কমিটি, টেন্ডার সংখ্যা-২৪টি, সম্মানী-১,০০,৮০০/- এবং বহিঃ সদস্য, TEC কমিটি, টেন্ডার সংখ্যা-১৭টি, সম্মানী-২৬,০০০/-টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের প্রস্তাব রাখেন।<br>৭। বেলংকা রোড হতে হাজী গোলাম হোসেন স্কুল অভিমুখী আরসিসি ড্রেন। উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল। বরাদ্দ ৫ লক্ষ। ই-জিপি কোটেশন মূলে ব্যয়ের জন্য প্রস্তাব করা হয়।<br>৮। উপজেলা পরিষদের হলরুম ও মিনি হলরুমে আইপিএস স্থাপন, ৩ লক্ষ টাকা, পিআইসি'র মাধ্যমে ব্যয়ের প্রস্তাব করা হয়।<br>৯। চিকনী আউজিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি পুরাতন এবং জরাজীর্ণ বিধায় ক্লাসরত অবস্থায় ছাদ থেকে প্লাস্টার খসে পড়ে। তাই ভবনটি ঝুঁকিপূর্ণ বিধায় আপদকালীন বাচ্চাদের ক্লাসসহ স্কুল কার্যক্রম পরিচালনার জন্য একটি টিনসেড শ্রেণি কক্ষ ৩ লক্ষ টাকায় স্কুল ম্যানেজিং কমিটির দ্বারা পিআইসি'র মাধ্যমে নির্মাণের প্রস্তাব করা হয়। | অসমাপ্ত কাজ সমূহের বিল "বার্ষিক উন্নয়ন কর্মসূচী" নামে যৌথ একাউন্ট নং-৩৪১৮১০২০০১০৪৭ এ নীট বিলের টাকা জমাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কাজ সমাপ্তি সাপেক্ষে চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।<br><br>আলোচনা ৬নং ক্রমিকের বর্ণিত মতে উক্ত টেন্ডার সমূহের সম্মানী ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানে সিদ্ধান্ত গৃহীত হলো।সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।<br><br>আলোচনা ৭নং ক্রমিকের বর্ণিত মতে উপজেলা পরিষদের উন্নয়ন সহায়তা তহবিল হতে বেলংকা রোড হতে হাজী গোলাম হোসেন স্কুল অভিমুখী আরসিসি ড্রেন নির্মাণ প্রকল্পটি বর্ণিত পদ্ধতি অনুযায়ী অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনা ৮নং ক্রমিকের বর্ণিত মতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আইপিএস লাগানোর প্রকল্পটি বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০২৬-২০২৭ অর্থ বছরে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনা ৯নং ক্রমিকে বর্ণিত মতে চিকনী আউজিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি ঝুঁকিপূর্ণ বিধায় আপদকালীন বাচ্চাদের ক্লাসসহ স্কুল কার্যক্রম পরিচালনার জন্য একটি টিনসেড শ্রেণি কক্ষ বর্ণিত পদ্ধতি অনুসারে অপ্রত্যাশিত খাত হতে নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচনা ১০নং ক্রমিকে বর্ণিত মতে "উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন" এবং ভবনের পাশের দুটি দ্বিতল ভবন "উপজেলা টুইন কোয়ার্টার" পুরাতন ভবনসমূহ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ১০। "উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন" এবং ভবনের পাশের দুটি দ্বিতল ভবন "উপজেলা টুইন কোয়ার্টার" পুরাতন এবং জড়াজীর্ণ বিধায় স্থানীয় সরকার বিভাগ, ঢাকা হতে ০৭ এপ্রিল ২০২৬ তারিখে ৪৬.০০.০০০০. ০০০. ০৪৫. ৯৯. ০৩৫৬.২০২৬.২০২৬-৬৫৯ নং স্মারকে ভবনসমূহ কনেডমড় ঘোষণা/নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত অনুমোদনের প্রেক্ষিতে ভবনসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা যেতে পারে।<br>১। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল-সভাপতি<br>২। উপজেলা কৃষি অফিসার, তাড়াইল-সদস্য<br>৩। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তাড়াইল-সদস্য<br>৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল-সদস্য<br>৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল-সদস্য সচিব<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | কনেডমড় ঘোষণা/নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করায় ভবনসমূহ পার্শ্বে বর্ণিত কমিটির মাধ্যমে প্রাক্কলিত মূল্য অনুয়ায়ী নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। বিক্রিত অর্থ বিধি মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তার অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন করা হচ্ছে। তাছাড়া, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,৩০,০৮,০০০/- টাকা ১০৫৭ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে ঋণ বিতরণের পরিমাণ ০০ টাকা এবং এ মাসে আদায়ের পরিমাণ ১,২৭,০০০/- টাকা। আদায়ের হার ৮৮.০৭%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৭৫৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এর প্রতিনিধি বলেন, ৬টি প্রকল্পের অধীনে এ পর্যন্ত ১০৪১.১২ (লক্ষ টাকায়) টাকা ঋণ বিতরণ করা হয়েছে, এ পর্যন্ত ৯১৩.৮২ টাকা আদায় করা হয়েছে এবং ১২৭.৩ টাকা বকেয়া রয়েছে। বিবেচ্য মাসে ৬.৪ টাকা আদায় করা হযেছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যের বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের প্রাপ্তি সাপেক্ষে ১ম কিস্তির বিল প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তি সাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হচ্ছে। কাজের অগ্রগতিঃ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ১ম. ২য় ও ৩য় পর্যায় ৩২,২৫,০০০/- টাকা, ৩২.০০ মে.ট. চাল ও ৩৩.০০ মে.ট. গম বরাদ্দ, প্রকল্প সংখ্যা-২৫টি, অগ্রগতি ৫০%, গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম. ২য় ও ৩য় পর্যায়ে ৪৬,৪০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, গৃহীত প্রকল্প সংখ্যা-১২টি, অগ্রগতি ৫০%। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রের উপকারভোগীদের মাঝে মে/২০২৬ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত উপকারভোগীগণ জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে ২ বছর (খাদ্য শষ্য) সুবিধা প্রাপ্য হবেন। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ৭টি ইউনিয়নে ৭টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১ জন সংগীত, ১ জন আবৃত্তি শিক্ষক এবং ১ জন জেন্ডার প্রমোটার নিয়োজিত আছে। কিশোর কিশোরী ক্লাবের সদস্যগণ নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করছে। নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে জাওয়ার ও দিগদাইড় ইউনিয়নে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। মাসিক স্টাফ মিটিং করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫টি করে কার্ড বরাদ্দ রয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে ভাতাভোগীদের আবেদন গ্রহণ কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | | |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ এর তথ্য মতে তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। উপজেলা পরিষদের জামে মসজিদের পার্শ্বে জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক নির্মিত পাবলিট টয়লেটটি ইজারা দেওয়ার জন্য বিজ্ঞপ্তি জারীর জন্য প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের জামে মসজিদের পার্শ্বের পাবলিট টয়লেটটি ইজারা দেওয়ার জন্য বিজ্ঞপ্তি জারীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি সভায় জানান, নিয়মিত মাধ্যমিক শিক্ষা অফিসার না থাকায় স্বাভাবিক কার্যক্রমে ব্যাঘাত হচ্ছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক অফিসার |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | উপজেলা ইন্সট্রাক্টর জানান, বর্তমানে প্রশিক্ষণ খাতে বরাদ্দ না থাকায় টিচারদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান এর আওতায় বরাদ্দ পাওয়া গেছে। বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি ক্রয় উপকমিটি গঠনের প্রস্তাব করেন।<br>১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তাড়াইল-আহবায়ক<br>২। উপজেলা কৃষি কর্মকর্তা, তাড়াইল-সদস্য<br>৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল-সদস্য<br>৪। উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল-সদস্য<br>৫। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাড়াইল-সদস্য সচিব<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রাপ্ত বরাদ্দ দ্বারা নীতিমালা অনুযায়ী ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পার্শ্বে বর্ণিত ক্রয় উপকমিটি গঠনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটি পিপিআর এ্যাক্ট ২০০৮ এর প্রবিধান মোতাবেক ক্রয় কার্যক্রম সম্পন্ন করবেন। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| বন বিভাগ | গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ডরমেটরী/বিআরডিবি কোয়ার্টারের সম্মুখে রাস্তা নির্মাণের জন্য ২টি মরা মেহগনি গাছ নিলামে বিক্রয়ের নিমিত্ত বন অধিদপ্তর কর্তৃক মূল্য নির্ধারণ করে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবরে প্রেরণ করা হলে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ হতে ২টি গাছ প্রকাশ্যে নিলাম ডাকে ২২,০০০/- টাকা সর্বোচ্চ হওয়ায় ডাককারীর অনুকূলে গাছ বিক্রয় করা হয়েছে। উক্ত টাকা রাজস্ব তহবিলে এবং ১৫% ভ্যাট ও ১০% আয়কর কোডে জমা প্রদান করা হয়েছে। | জেলা প্রশাসক, কিশোরগঞ্জ পত্রের নির্দেশনা মোতাবেক নিলামে বিক্রিত অর্থ উপজেলা পরিষদে জমা প্রদানের তথ্য সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন অফিসের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৪.০০.০০০০.১১৫.১১.০০১.২০-৪৬, তারিখ-১৬/০৫/২০২১ খ্রি. এর নির্দেশনা মোতাবেক উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা রেঞ্জ, ঢাকা এর স্মারক নম্বর ৪৪.০৩.৩০২৬.০০১.১৬.০৪৩.২৫-২৫১৯, তারিখ-১৩/০৭/২০২৫ খ্রি. মূলে উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর নিজস্ব ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে ন্যূনতম ১৫(পনেরো) শতক ভূমি উপজেলা পরিষদের মাসিক সভার রেজুলেশনের মাধ্যমে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। তিনি বলেন, তাড়াইল উপজেলায় আনসার ও ভিডিপি'র নিজস্ব ভবন থাকায় নিয়মিত প্রশিক্ষণসহ দাপ্তরিক কাজকর্মে বিঘ্ন ঘটছে। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে ভবন নির্মাণের লক্ষ্যে ১৫ শতক ভূমি বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে সরকারি অফিসের গুরুত্ব বিবেচনায় উপজেলা পরিষদের বিআরডিবি ভবনের পার্শ্বে তাড়াইল উপজেলা আনসার ও ভিডিপি'র নিজস্ব ভবন নির্মাণের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | ১। তাড়াইল উপজেলার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২৯/০৪/২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৬৭.২১-৮৮৬ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নতুন প্রশাসনিক ভবনের নিরাপত্তা বেষ্টনী নির্মাণ কাজ বাবদ ১৩,৫৪,১২৭/- টাকা এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স'নীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৩/০২/২০২৬ খ্রি. তারিখের ৪৬.০৪৫.০১৮.০২.৪২.০৪২.২০১১-৬০৭ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে "উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এর সীমানা প্রাচীর নির্মাণ" বাবদ ৭৮,৮৭,৮৩৯.৪৩ টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে এবং কাজ চলমান আছে। তন্মধ্যে উপজেলা পরিষদ সীমানা প্রাচীর নির্মাণ বাবদ ১ম চলতি বিল হিসেবে ৮,৪০,৬০০/- টাকা পরিশোধ করা হয়েছে। বাকি কাজ চলমান থাকায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল, তাড়াইল, কিশোরগঞ্জ এর সোনালী ব্যাংক, তাড়াইল শাখা হিসাব নং ৩৪১৮০০১০০৮৫৪৬ অবশিষ্ট কাজের বিল বাবদ ৭০,৪৭,২৩৯.৪৩ টাকা এবং বেষ্টনি নির্মাণ বাবদ ১৩,৫৪,১২৭/- সর্বমোট ৮৪,০১,৩৬৬.৪৩ টাকা, অপ্রত্যাশিত খাত হতে গৃহীত ৩,০০,০০০/- টাকা কাজ চলমান থাকায় এবং বিবিধ হিসেবে ৫,০০,০০০/- টাকা মোট ৯২,০১,৩৬৬.৪৩ টাকা রাজস্ব তহবিলের হিসেবে রেখে অবশিষ্ট উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করার প্রস্তাব করা হয়।<br>২। কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাড়াইল কর্তৃক উপজেলা পরিষদের জুন/২০২৬ সময় পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বিবেচ্য মাসে বিদ্যুৎ অফিস উক্ত সময়ের জন্য মোট ১,৯২,২০২/- টাকার বিল পরিশোধ করা হয়েছে।<br>৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রম ৩ এর সারণির "ম" অনুযায়ী উপজেলা পরিষদ জুন/২৬ মাসের পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহা-২০২৬ উপলক্ষে ০৭ (সাত) দিনের ছুটিকালীন সময়ে যথাক্রমে ১৭/০৩/২০২৬ হতে ০৫/০৬/২০২৫ খ্রি. এবং ২৫/০৫/২০২৬ খ্রি. হতে ৩১/০৫/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য প্রতিদিন দিনের বেলায় ০২ জন ও রাতের বেলা ০২ জন করে মোট ০৪ জন গ্রাম পুলিশকে ০৭ দিনের জন্য দায়িত্ব প্রদান করা হয়। সেপ্রেক্ষিতে ঈদুল ফিতর/২০২৬ এ ০৭ দিনে ০৪ জন করে মোট ২৮ জন এবং ঈদুল আযহা ২০২৬ এ ০৭ দিনে ০৪ জন করে মোট ২৮ জন মোট ৫৬ জনের খোরাকি বাবদ ৩০০ টাকা করে মোট ৩০০*৫৬=১৬,৮০০/- (ষোল হাজার আটশত) টাকা নগদ প্রদানের জন্য প্রস্তাব করা হয়।<br>৪। উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের পার্শ্বের পুকুরটি দীর্ঘদিন যাবৎ কচুরিপানা ও বিভিন্ন প্রজাতির আগাছা দ্বারা বদ্ধ অবস্থায় আছে। তা থেকে ডেঙ্গুসহ মশার সৃষ্টি হচ্ছে বিধায় পুকুরটি পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য প্রস্তাব রাখেন।<br>তাড়াইল উপজেলার যানজট নিরসনের লক্ষ্যে গৃহীত সকল কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি উপজেলা পরিষদকে আরো সুন্দর ও প্রাণবন্ত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরে বা বাহিরে সকল অফিস আঙ্গিনা নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। তিনি উপজেলাসহ সকল ইউনিয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা চলমান রাখার জন্য অনুরোধ করেন। সেবা নিতে আসা জনগণকে স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে সেবা প্রদানের জন্য সকল বিভাগের কর্মকর্তা ও জনপ্রতিনিধিদেরকে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | আলোচনা ১নং মোতাবেক উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ প্রকল্পের কাজ সম্পন্ন না হওয়ায় গৃহীত প্রকল্প ব্যয় হতে অবশিষ্ট ৭০,৪৭,২৩৯.৪৩ টাকা, বেষ্টনী নির্মাণের বাবদ ১৩,৫৪,১২৭/- টাকা, অপ্রত্যাশিত খাত হতে গৃহীত ৩,০০,০০০/- টাকার প্রকল্পের কাজ চলমান থাকায় এবং বিবিধ ব্যয়ের নিমিত্ত ৫,০০,০০০/- টাকা সর্বমোট ৯২,০১,৩৬৬.৪৩ টাকা রাজস্ব তহবিলে উদ্বৃত রেখে অবশিষ্ট টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তর করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনা ২নং ক্রমিকে বর্ণিত মতে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাড়াইল কর্তৃক উপজেলা পরিষদের জুন/২০২৬ সময় পর্যন্ত বকেয়া বিদ্যুৎ বিল বাবদ পরিশোধিত ১,৯২,২০২/- টাকার ব্যয় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনা ৩নং ক্রমিকে বর্ণিত মতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ক্রম ৩ এর সারণির "ম" অনুযায়ী পবিত্র ঈদের ছুটিকালীন উপজেলা পরিষদের নিরাপত্তার জন্য দায়িত্ব পালনকারী গ্রামপুলিশদেরকে দায়িত্ব ভাতা হিসেবে ১৬,৮০০/- টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনা ৪নং ক্রমিকে বর্ণিত মতে উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের পার্শ্বের পুকুরটি দীর্ঘদিন যাবৎ কচুরিপানা ও বিভিন্ন প্রজাতির আগাছা পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকা ব্যয়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানজিলা আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CamScanner